বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০০৯.০৫.০০৭.০১-৬২

তারিখ: ২১ মাঘ ১৪২৫ / ০৩ ফেব্রুয়ারি ২০১৯

## অফিস আদেশ

প্রশাসনিক গতিশীলতা আনয়ন এবং সেবার মান উন্নয়নের লক্ষ্যে নির্বাচন কমিশন সচিবালয়ের জন্য সৃজিত নতুন পদসমূহের সমন্বয়ে অনুবিভাগ, অধিশাখা ও শাখার সমন্বয়ে সাংগঠনিক কাঠামো পুনর্গঠন করা হয়েছে। সৃজিত পদসমূহ দ্বারা নির্বাচন কমিশন সচিবালয়ে ০১টি অনুবিভাগ, ০২টি অধিশাখা ও ০২টি শাখা সৃজন করা হয়েছে।

০২। নব গঠিত অধিশাখা ও বিদ্যমান অধিশাখার আওতাধীন নতুন গঠিত শাখার কার্যপরিধি নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো :

| **শৃঙ্খলা ও আপীল অধিশাখা:** | **ছুটিকালীন বিকল্প :** |
|---|---|
| **শৃঙ্খলা শাখা (সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)** | **সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (প্রশিক্ষণ ও সক্ষমতা উন্নয়ন)** |

১। নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের ১ নং গ্রেড হতে ২০তম গ্রেডের সকল কর্মকর্তা ও কর্মচারী সংক্রান্ত নিম্নোক্ত কার্যাবলী :

ক) নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের আচরণ ও শৃঙ্খলাজনিত অভিযোগ নিষ্পত্তি;

খ) নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের আচরণ ও শৃঙ্খলা জনিত বিভাগীয় মামলা রুজুকরণ এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে সাচিবিক সহায়তা প্রদান;

গ) নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের উচ্চতর গ্রেড ও পদোন্নতি প্রদান, বৈদেশিক প্রশিক্ষণ, বৈদেশিক নিয়োগ এবং পেনশন মঞ্জুরি ইত্যাদি বিষয়ে শৃঙ্খলা ও আপীল বিষয়ক ছাড়পত্র প্রদান;

ঘ) নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলা সংক্রান্ত তথ্যাদি কম্পিউটারে সংরক্ষণ ও হালনাগাদকরণ;

ঙ) নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের সকল কর্মকর্তা ও কর্মচারীগণের দুর্নীত সংক্রান্ত তথ্যাবলি ডাটাবেজে সংরক্ষণ ও হালনাগাদকরণ; এবং

২। সময়ে সময়ে কমিশন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

| **জনবল ব্যবস্থাপনা অধিশাখাঃ** | **ছুটিকালীন বিকল্প :** |
|---|---|
| **জনবল ব্যবস্থাপনা-৩ শাখা (সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব)** | **সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনবল ব্যবস্থাপনা-১)** |

১। নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের ১০ম গ্রেডের সকল কর্মকর্তা সংক্রান্ত নিম্নোক্ত কার্যাবলী :

ক) নিয়োগ, পদোন্নতি ও বদলি;

খ) জ্যেষ্ঠতা তালিকা সংরক্ষণ ও হালনাগাদকরণ এবং জ্যেষ্ঠতা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তি;

গ) বেতন নির্ধারণ ও সমতাকরণ;

ঘ) সিলেকশন গ্রেড ও টাইম স্কেল অনুমোদন এবং দক্ষতা সীমা (Efficiency Bar) অতিক্রম নির্ধারণ;

ঙ) বহিঃবাংলাদেশ ছুটিসহ অন্যান্য সকল প্রকার ছুটি অনুমোদন;

চ) নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের শ্রান্তি বিনোদন ছুটি ও ভাতা মঞ্জুরী অনুমোদন;

ছ) ব্যক্তিগত নথি সংরক্ষণ;

জ) নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের (১০ম গ্রেড) পাসপোর্ট-এর জন্য ছাড়পত্র প্রদান;

F:\Work_Dist._Letter-12.doc

ঝ) নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মকর্তাদের (১০ম গ্রেড) মাতৃত্বকালীন ছুটি মঞ্জুর; এবং

ঞ) পেনশন ও পরিবার ভাতা অনুমোদন।

২। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অনুবিভাগ কর্তৃক উদ্ভাবিত শাখা-সংশ্লিষ্ট Software অনুসরণে নিজস্ব তথ্যভাণ্ডার প্রতিষ্ঠা, সংরক্ষণ ও হালনাগাদকরণ।

৩। সময়ে সময়ে কমিশন কর্তৃক প্রদত্ত অন্যান্য দায়িত্ব।

০৩। এ সচিবালয়ের ২০ নভেম্বর ২০১১ তারিখের নিকস/প্র-১/কার্যবন্টন/২০(৭)/২০০১/৮৬০ সংখ্যক স্মারকে জারীকৃত কার্যবন্টন আদেশের অন্যান্য বিষয়াবলী এবং বিভিন্ন সময়ে জারিকৃত এ সংক্রান্ত আদেশাবলী অপরিবর্তিত থাকবে।

০৪। ইহা আদেশ জারির তারিখ হতে কার্যকর হবে।

০৩/০২/২০১৯

(হেলালুদ্দীন আহমদ)
সচিব

নং-১৭.০০.০০০০.০০৯.০৫.০০৭.০১-৬২

তারিখ: ২১ মাঘ ১৪২৫ / ০৩ ফেব্রুয়ারি ২০১৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা / মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিব (সমন্বয় ও সংস্কার), মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. মহাপরিচালক, এনআইডি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৬. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা (তাঁর কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবগতির অনুরোধসহ)।
৭. যুগ্মসচিব, .................................. (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৮. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
৯. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................ (সকল) (নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে অবগতির অনুরোধসহ)।
১০. উপসচিব,................................ (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১২. উপপ্রধান, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
১৩. সিনিয়র জেলা/জেলা নির্বাচন কর্মকর্তা, .......... (সকল) (নিজ কার্যালয়সহ আওতাধীন কার্যালয়ের সকল কর্মকর্তা/ কর্মচারীকে অবগতির অনুরোধসহ)।
১৪. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর একান্ত সচিব (মাননীয় প্রধান নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৫. মাননীয় নির্বাচন কমিশনার জনাব মাহবুব তালুকদার-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৬. মাননীয় নির্বাচন কমিশনার জনাব মোঃ রফিকুল ইসলাম-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৭. মাননীয় নির্বাচন কমিশনার বেগম কবিতা খানম-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৮. মাননীয় নির্বাচন কমিশনার ব্রিগেডিয়ার জেনারেল শাহাদাত হোসেন চৌধুরী (অব:)-এর একান্ত সচিব (মাননীয় নির্বাচন কমিশনার-এর সদয় অবগতির জন্য)।
১৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৩/০২/১৯

(মোঃ লুৎফুল কবীর সরকার)
সহকারী সচিব (সংস্থাপন-১)

F:\Work_Dist._Letter-12.doc